# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**21-05-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ ৫ দেশীয় সফর শেষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশে ফিরেছেন। সফরের শেষ লগ্নে ভারত ও ইতালির মধ্যে কৃষি, খনিজ, বিজ্ঞান ও প্রযুক্তিসহ একাধিক বিষয়ে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

২/ প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আজ সোলে দক্ষিণ কোরিয়ার মন্ত্রী ওহ ইউয়ের সঙ্গে যুগ্ম ভাবে 'ভারতীয় যুদ্ধ স্মারক' উদ্বোধন করেছেন।

৩/ ভারত রাষ্ট্রসঙ্ঘ নিরাপত্তা পরিষদে, দীর্ঘদিন ধরে পাকিস্তানে চলা গণহত্যার তীব্র সমালোচনা করেছে।

৪/ ইবোলা রোগাক্রান্ত দেশ থেকে আসা যাত্রীদের সুরক্ষার জন্য স্বাস্থ্য মহা নির্দেশক নির্দেশিকা জারি করেছে।

৫/ দিল্লি , হরিয়ানা এবং চন্ডিগড়ে তীব্র তাপপ্রবাহের কমলা সতর্কতা জারি করা হয়েছে।

৬/ ISL ফুটবলের শেষ দিনে আজ ইস্টবেঙ্গল ও ইন্টার কাশী এবং মোহনবাগান সুপার জায়ান্টস, এস সি দিল্লির মুখোমুখি হবে।

oooooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পাঁচ দেশীয় সফরে অন্তিম পর্যায়ে সাফল্যের সঙ্গে ইটালি সফর করে দেশে ফিরে এসেছেন। ভারত ও ইতালি গতকাল দ্বিপাক্ষিক সম্পর্ককে বিশেষ কৌশলগত অংশীদারিত্বে উন্নীত করার সিদ্ধান্ত নিয়েছে। দুটি দেশ কৃষি, গুরুত্বপূর্ণ

খনিজ সম্পদ, আয়ুর্বেদ, বিজ্ঞান ও প্রযুক্তি এবং ভারত থেকে ইতালিতে ভারতীয় নার্সদের যাতায়াত সহজতর করাসহ বিভিন্ন ক্ষেত্রে বেশ কয়েকটি চুক্তি স্বাক্ষর করেছে। এছাড়া কর ফাঁকি সংক্রান্ত অপরাধ, অর্থ পাচার এবং সন্ত্রাসবাদে অর্থায়ন রোধের লক্ষ্যেও উভয় দেশ একাধিক সমঝোতা স্মারক মৌ স্বাক্ষর করেছে।

রাজধানী রোমে ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনির সঙ্গে এক যৌথ বিবৃতিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ইতালি বিশ্বজুড়ে নকশা ও সূক্ষ্ম কারুকার্যের জন্য সুপরিচিত। অন্যদিকে ভারতের পরিচিতি হলো বৃহৎ পরিসর, মেধা এবং সাশ্রয়ী উদ্ভাবনের এক শক্তিশালী কেন্দ্র হিসেবে। প্রধানমন্ত্রী বলেন, ভারত ও ইতালি এখন নকশা ও উন্নয়ন এবং বিশ্বের জন্য তা সরবরাহ এই মূলনীতির ওপর ভিত্তি করে এগিয়ে যাবে।

যৌথ বিবৃতি প্রদানের সময় প্রধানমন্ত্রী বিশেষ গুরুত্বের সঙ্গে উল্লেখ করেন যে, দুই দেশ এখন নৌ-পরিবহন, বন্দরের আধুনিকিকরণ, লজিস্টিকস এবং ব্লু ইকোনমি বা সামুদ্রিক অর্থনীতির ক্ষেত্রে যৌথভাবে কাজ করবে।

শ্রী মোদী বলেন, সন্ত্রাসবাদে অর্থায়নের বিরুদ্ধে ভারত ও ইতালির যৌথ উদ্যোগ সমগ্র বিশ্বের সামনে একটি গুরুত্বপূর্ণ দৃষ্টান্ত স্থাপন করেছে। তিনি জানান, ইউক্রেন পরিস্থিতি, পশ্চিম এশিয়া এবং অন্যান্য উত্তেজনাকর পরিস্থিতি প্রসঙ্গে উভয় দেশই একে অপরের সঙ্গে নিয়মিত

যোগাযোগ বজায় রেখে চলেছে। তিনি আরও বলেন যে, ভারতের অবস্থান অত্যন্ত স্পষ্ট, তা হলো, যাবতীয় সমস্যা অবশ্যই আলোচনা ও কূটনীতির মাধ্যমেই সমাধান করা উচিত।

ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি বলেন, ভারত ও ইতালি উৎপাদন শিল্প, পরিকাঠামো উন্নয়ন, জ্বালানি, মহাকাশ অর্থনীতি এবং প্রতিরক্ষা ক্ষেত্রে উন্নয়নে উভয় দেশই বর্তমানে অত্যন্ত নিষ্ঠার সঙ্গে কাজ করে চলেছে। তিনি আরও বলেন, গুরুত্বপূর্ণ

খনিজ সম্পদ, কৃষি-ভিত্তিক শিল্প, সামুদ্রিক পরিবহন ব্যবস্থা, পর্যটন এবং সংস্কৃতি—এই ক্ষেত্রগুলোতে পারস্পরিক সহযোগিতার অবারিত সুযোগ রয়েছে।

ooooooooooooooooooooooooooooo

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এবং দক্ষিণ কোরিয়ার প্রাক্তন সেনা বিষয়ক দপ্তরের মন্ত্রী কোয়ন ওহ-ইউ আজ সোলের ইমজিংগাক পার্কে যৌথভাবে 'ভারতীয় যুদ্ধ স্মারক'-এর উদ্বোধন করেন।

কোরিয়া যুদ্ধের ৭৫তম বার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের অংশ হিসেবে এই স্মারকটি, যুদ্ধের সময়ে ভারতের সেনাবাহিনীর 'সিক্সটি প্যারা ফিল্ড অ্যাম্বুলেন্স' এবং 'কাস্টোডিয়ান ফোর্স অফ ইন্ডিয়া'-র আত্মত্যাগ এবং সেবার প্রতীক হিসেবে নির্মিত হয়েছে।

(বাইট – রাজনাথ)

এই অনুষ্ঠানে, প্রতিরক্ষামন্ত্রী তাঁর ভাষণে, কোরিয়া উপদ্বীপে শান্তি ও মানবিক সহায়তা প্রদানে ভারতের অবদানের যে সুদূরপ্রসারী ঐতিহ্য রয়েছে, তা বিশেষভাবে তুলে ধরেন। তিনি বলেন, দুই দেশের এই যৌথ আত্মত্যাগের ইতিহাস ভারত ও দক্ষিণ কোরিয়ার মধ্যকার 'বিশেষ কৌশলগত অংশীদারিত্ব'-এর এক শক্তিশালী ভিত্তি হিসেবে কাজ করে চলেছে।

oooooooooooooooooooooooooooo

কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও মহাসড়ক মন্ত্রী নিতিন গড়করি আজ নতুন দিল্লিতে ত্রিপুরা, অরুণাচল প্রদশ ও সিকিমের বিভিন্ন মহাসড়কের গুণমান ও রক্ষণাবেক্ষণের অগ্রগতি খতিয়ে দেখেন। সময় মতো এই কাজ সম্পন্ন করার ওপর জোর দিয়ে তিনি বলেন, উন্নত প্রযুক্তি এবং যাত্রীদের সুবিধার জন্য মহাসড়কের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থা আরও সুষ্ঠু করতে হবে। ভরা বর্ষাতেও যাতে এই রাস্তা দিয়ে যাতায়াত করা যায় শ্রী গড়করি তাও সুনিশ্চিত করতে বলেন। এক সমাজ মাধ্যম বার্তায় শ্রী গড়করি বলেন, প্রচার

মাধ্যমে লোকজনের বক্তব্য জানার পরই তিনি জাতীয় মহাসড়কের রক্ষণাবেক্ষণের অগ্রগতি খতিয়ে দেখেছেন।

oooooooooooooooooooooooooooo

তামিলনাড়ুতে আজ থেকে 'কোয়ালিশন' মন্ত্রিসভা কাজ শুরু করবে। জোসেফ বিজয় নেতৃত্বাধীন সরকারে, ২ জন কংগ্রেস সদস্যসহ ২৩ জনকে অন্তর্ভুক্ত করা হয়েছে। দীর্ঘ ৫৯ বছর পর তামিলনাড়ুর মন্ত্রিসভায় এবার জাতীয় কংগ্রেসের কোনো প্রতিনিধি এল। আজ সকালে লোকভবনে, রাজ্যপাল বিশ্বনাথ আরলেকার নতুন মন্ত্রীদের শপথ ও মন্ত্রগুপ্তি পথ করান। সরকারকে সমর্থনকারী বিভিন্ন দলের নের্তৃবৃন্দ শপথগ্রহন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী বিজয় সহ মন্ত্রিসভার সদস্যসংখ্যা এখন ৩২।

oooooooooooooooooooooooooooo

দক্ষিণ চব্বিশ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে, আজ পুননির্বাচনে **বেলা ১১টা পর্যন্ত ৪২ দশমিক ৮/৩ শতাংশ ভোট পড়েছে।** এখনো পর্যন্ত কোথাও কোনো গন্ডগোলের খবর নেই।

২৮৫ টি বুথে ভোট গ্রহণ চলবে সন্ধ্যে ছ'টা পর্যন্ত। গণনা, ২৪ শে মে।

ওই কেন্দ্রে দু'লক্ষ ৩৬ হাজার ৪৪৪ জন ভোটদাতা রয়েছেন। সুষ্ঠু ও অবাধ নির্বাচনের লক্ষ্যে, ৩৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি, মোতায়েন রয়েছে ৩৫টি কুইক রেসপন্স টিম।

oooooooooooooooooooooooooooo

ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর ৩৬-তম প্রয়াণ দিবসে আজ তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে। কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয়ে বিধানভবনে এই উপলক্ষে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ১৯৯১ সালের ২১-শে মে তামিলনাড়ুর শ্রীপেরামবুদুরে আত্মঘাতী বোমা বিস্ফোরণে নিহত হন রাজীব গান্ধী।

oooooooooooooooooooooooooooo

দিনটি আজ দেশজুড়ে আজ সন্ত্রাসবাদ-বিরোধী দিবস পালিত হচ্ছে। দেশের যুবসমাজকে সন্ত্রাসবাদ ও হিংসার পথ থেকে দূরে সরিয়ে রাখতে এবং জঙ্গি হামলায় সাধারণ মানুষের দুর্ভোগ ও সন্ত্রাসবাদ কীভাবে জাতীয় স্বার্থের বিরোধী তা তুলে ধরাই দিনটি পালনের মূল্য লক্ষ্য।

উল্লেখ্য **১৯৯১** সালের আজকের দিনেই প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী সন্ত্রাসবাদী ষড়যন্ত্রের শিকার হয়েছিলেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, রাজীব গান্ধীর মৃত্যু বার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

oooooooooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গ সরকার, ভারত-বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণে BSF-এর হাতে বকেয়া জমি হস্তান্তর শুরু করেছে।

নবান্নে গতকাল মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে সীমান্তরক্ষী বাহিনীর হাতে আনুষ্ঠানিকভাবে জমি তুলে দেওয়ার প্রক্রিয়া শুরু হয়।

ooooooooooooooooooooooooooooo

স্বাস্থ্য পরিষেবা মহা নির্দেশক DGHS, ইবোলা রোগাক্রান্ত দেশ থেকে অথবা সেদেশের মধ্য দিয়ে আসা যাত্রীদের জন্য নির্দেশিকা জারি করেছে। এতে বলা হয়েছে , কঙ্গো, উগান্ডা এবং দক্ষিণ সুদান থেকে আসা কোনো যাত্রীর যদি জ্বর, মাথা ব্যাথা, পেশিতে খিঁচুনি ও ব্যাথা, বিনা কারণে রক্তপাত এবং বমির মতো উপসর্গ দেখা দেয়, তবে তাকে জরুরি ভিত্তিতে ডাক্তার দেখাতে হবে। ইবোলা রোগীর সংস্পর্শে আসা কোনো যাত্রীকে সঙ্গে সঙ্গে বিমানবন্দরের আধিকারিক অথবা অভিবাসন দপ্তরের 'হেল্প ডেস্কে' যোগাযোগ করতে বলা হয়েছে। DGHS আরো জানিয়েছে , দেশে আসার ২১ দিনের মধ্যে এ ধরণের কোনো উপসর্গ কারোর দেখা গেলে তবে , সঙ্গে সঙ্গে তার যাত্রা বিবরণী স্বাস্থ্য কর্তৃপক্ষকে জানিয়ে চিকিৎসা নিতে হবে।

oooooooooooooooooooooooooooooo

কোনো প্রসাধনী পণ্য এখন থেকে ইঞ্জেকশনের মাধ্যমে কোনো সৌন্দর্য ক্লিনিক, বিশেষজ্ঞ এবং গ্রাহকরা ব্যবহার করতে পারবেন না বলে জানানো হয়েছে। সেন্ট্রাল ড্রাগ স্ট্যান্ডার্ডস কন্ট্রোল অর্গানাইজেশন জানিয়েছে, এসব প্রসাধনী সামগ্রী কেবলমাত্র শরীরের বাইরে ব্যবহারের জন্য। নির্দেশিকায় আরো বলা হয়েছে , প্রসাধনীর সামগ্রিক প্রস্তুতি ও আমদানি, বিক্রয় ও বন্টন যেন ২০২০-এর কসমেটিকস বিধির সংস্থান অনুযায়ী হয়ে থাকে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ বিশ্বজুড়ে আন্তর্জাতিক চা দিবস পালিত হচ্ছে। রাষ্ট্রসংঘের খাদ্য ও কৃষি সংগঠন FAO ২১ শে মে তারিখটিকে বিশ্ব চা দিবস হিসেবে ঘোষণা করে। চায়ের সাংস্কৃতিক গুরুত্ব, উপকারিতা ও অর্থনৈতিক গুরুত্ব তুলে ধরা চা দিবসের তাৎপর্য। এবছরের চা দিবসের মূল ভাবনা হল -- ' চায়ের সুস্থায়ী উৎপাদনের মধ্য দিয়ে সামাজিক সহায়তা' চা উৎপাদন ও প্রক্রিয়াকরণের মধ্য দিয়ে লক্ষ লক্ষ পরিবারের জীবন ও জীবিকা নিশ্চিত হয়ে থাকে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতের আবহাওয়া দপ্তর, IMD আজ দিল্লি, হরিয়ানা এবং চণ্ডিগড়ের বিভিন্ন স্থানে তাপপ্রবাহের জন্য 'কমলা সতর্কতা' জারি করেছে। এছাড়া মধ্যপ্রদেশ, পাঞ্জাব, উত্তরপ্রদেশ ও বিদর্ভ, বিহার, ছত্তিশগড়, উপকূলীয় অন্ধ্রপ্রদেশ, হিমাচল প্রদেশ, ওড়িশা, রাজস্থান, তেলেঙ্গানা এবং উত্তরাখণ্ডের কিছু অংশে দিনেও তাপপ্রবাহ অব্যাহত থাকার সম্ভাবনা রয়েছে। আবহাওয়া দপ্তরের তথ্য অনুযায়ী গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, পুদুচেরি এবং কারাইকালে আজ গরম ও আর্দ্র আবহাওয়া বিরাজ করবে বলে আশা করা হচ্ছে, পাশাপাশি আগামী দুই দিন ওড়িশা, উত্তরপ্রদেশ এবং বিদর্ভের কিছু অংশে রাতেও উষ্ণ আবহাওয়া বজায় থাকার সম্ভাবনা রয়েছে।

অন্যদিকে, হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গ, আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জ, আসাম, মেঘালয়, কেরল, দক্ষিণ অভ্যন্তরীণ কর্ণাটক এবং সিকিমে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে আবহাওয়া সংস্থা, আই এম ডি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গে আজ শুনবেন “বাংলা সিনেমা: সাদাকালো আবেগ থেকে ডিজিটাল বাস্তবতার পথে” এই বিষয়ে একটি আলোচনা। চিত্রপরিচালক অশোক বিশ্বনাথনের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত ৮ টায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা ও সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ISL ফুটবল আজ শেষ হচ্ছে। চ্যাম্পিয়ন হওয়ার দৌড়ে রয়েছে ইস্টবেঙ্গল ও মোহনবাগান সুপারজায়ান্ট। দুই দলই ১২ ম্যাচে ২৩ পয়েন্ট করে সংগ্রহ করেছে। গোল পার্থক্যে এগিয়ে থাকায় ইস্টবেঙ্গল লিগ তালিকার শীর্ষে, মোহনবাগান দ্বিতীয় স্থানে রয়েছে।

যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে ইস্টবেঙ্গল আজ তাদের শেষ ম্যাচে ইন্টার কাশির বিরুদ্ধে খেলবে। অন্যদিকে, সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান সুপার জায়ান্ট খেলবে, স্পোর্টিং ক্লাব দিল্লির বিরুদ্ধে। দুটি খেলাই শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

একই সময়ে আরও দুটি ম্যাচ রয়েছে। জামশেদপুরের JRD টাটা স্পোর্টস কমপ্লেক্সে জামশেদপুর এফসি, ওড়িশা এফসি-র, গুয়াহাটির ইন্দিরা গান্ধী অ্যাথলেটিক স্টেডিয়ামে পাঞ্জাব এফসি, মুম্বই সিটি এফসি-র বিরুদ্ধে খেলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে IPL ক্রিকেট ম্যাচে আজ গুজরাট টাইটানস, চেন্নাই সুপার কিংসের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

১৩ ম্যাচে ১৬ পয়েন্ট সংগ্রহ করে গুজরাট লিগ তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে। ইতোমধ্যেই তারা প্লে অফে পৌঁছে গেছে। চেন্নাই সুপার কিংস ১৩ ম্যাচে ১২ পয়েন্ট নিয়ে ষষ্ঠ স্থানে রয়েছে। 'প্লে অফে' যেতে হলে আজকের ম্যাচে তাদের বড় ব্যবধানে জিততে হবে, অন্য ম্যাচের ফলাফলের উপর তাদের নির্ভর করতে হবে।

এদিকে, ইডেনে IPL ক্রিকেট ম্যাচে গতকাল কলকাতা নাইট রাইডার্স, মুম্বাই ইন্ডিয়ান্সকে চার উইকেটে হারিয়ে 'প্লে অফে' লড়াই-এর আশা বাঁচিয়ে রেখেছে।

গতকাল বৃষ্টি বিঘ্নিত ম্যাচে ১৪৮ রানের লক্ষ্যমাত্রা তাড়া করতে নেমে নাইট রাইডার্স চার উইকেট এবং সাত বল বাকি থাকতেই প্রয়োজনীয় রান তুলে নেয়। মনীশ পান্ডে সর্বোচ্চ ৪৫ রান করে ম্যাচের সেরা হয়েছেন। এর আগে মুম্বাই ইন্ডিয়ান্স প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে আট উইকেটে ১৪৭ রান করে।

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo